

বাংলাদেশ দূতাবাস

এথেন্স, গ্রীস

প্রেস বিজ্ঞপ্তি

এথেন্স

০৩ জুন ২০১৬

গ্রীসের এথেন্সে বাংলাদেশ দূতাবাসে দুইজন বাংলাদেশী চিত্রশিল্পীর শিল্পকর্ম প্রদর্শনী

গত ১ জুন ২০১৬ তারিখে বাংলাদেশ দূতাবাস, এথেন্সে দুইজন প্রবাসী বাংলাদেশী চিত্রশিল্পীর শিল্পকর্ম প্রদর্শনী উদ্বোধন করা হয়। গ্রীসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব জসীম উদ্দীন দূতাবাস চত্বরে এই দুই শিল্পীর চিত্র প্রদর্শনী উদ্বোধন করেন। ডেনমার্ক প্রবাসী বাংলাদেশী প্রিন্ট আর্ট শিল্পী জনাব রুহুল আমিন কাজল দূতাবাস চত্বরে বাংলাদেশকে নিয়ে একটি দীর্ঘ দ্বি-মাত্রিক আর্ট অংকন করেন। এই শিল্পকর্মে উৎসবমুখর পরিবেশে শিল্পীর সাথে স্থানীয় দোয়েল একাডেমীর ছাত্র-ছাত্রী এবং অন্যান্য বাংলাদেশী শিশুসহ অনেক গ্রীক নাগরিক অঙ্কনে অংশ নেন। উল্লেখ্য জনাব রুহুল আমিন কাজল দ্বি-মাত্রিক আর্ট নামের এই নতুন ধারার চিত্রকলার একজন পুরোধা ব্যক্তিত্ব। সুইডেনে ১৯৯৪ সালের একটি বৃহৎ চিত্রকর্মের (দ্বি-মাত্রিক আর্ট) জন্য তাঁর নাম সুইডিশ গ্রিনিচ বুকে অন্তর্ভুক্ত হয়। ইউরোপীয়ান শিল্প সংস্কৃতির স্মৃতিসৌধের এথেন্সে এই চিত্র প্রদর্শনীর মধ্য দিয়ে একদিকে গ্রীক নাগরিকদের সামনে বাংলাদেশকে তুলে ধরা হয়েছে, অন্যদিকে এই চিত্রকর্মে স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের মধ্য দিয়ে বাংলাদেশ-গ্রীস আন্তঃ-জনগণ সম্পর্কও সুদৃঢ়তর হচ্ছে। জনাব রুহুল আমিন কাজল আগামী সপ্তাহে দূতাবাস চত্বরে তাঁর দীর্ঘ চিত্রকর্মটি সমাপ্ত করবেন।

নিউইয়র্ক প্রবাসী বাংলাদেশী শিল্পী জনাব খুরশিদ আলম সেলিমের একক চিত্র প্রদর্শনীও অনুষ্ঠিত হয় গত ১ জুন ২০১৬ তারিখে এথেন্সের বাংলাদেশ দূতাবাস চত্বরে। শিল্পকর্মের জন্য ২০০৮ সালের বেইজিং অনুষ্ঠিত অলিম্পিকে ‘অলিম্পিক মশাল’ জয়ী এই বাংলাদেশী শিল্পীর প্রায় ২০ টি চিত্র কর্ম প্রদর্শনীতে স্থান লাভ করে। গ্রীক শিল্পবোধ দর্শকসহ বিপুল সংখ্যক বাংলাদেশী এই চিত্র প্রদর্শনী উপভোগ করেন।

Sujan Debnath  
Second Secretary  
Embassy of Bangladesh  
Athens, Greece